গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
শৃঙ্খলা অধিশাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৭৮.২০১৮-২৬৬

তারিখঃ ৩১.০৩.২০১৯ খ্রিঃ

## আদেশ

যেহেতু, ডাঃ সুমন কল্যাণ চৌধুরী (১১১৩৯৫), মেডিকেল অফিসার, ২৫০ শয্যা বিশিষ্ট জেলা সদর হাসপাতাল, কক্সবাজার গত ২৫.০১.২০১৮ খ্রিঃ হতে ১১.০৬.২০১৮ খ্রিঃ পর্যন্ত মোট ৪ মাস ১৬ দিন কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত থাকার বিষয়ে তার স্বাস্থ্য অধিদপ্তর হতে অভিযোগ পাওয়া যায়;

যেহেতু, তার উপর আনীত অভিযোগের বিষয়ে ব্যক্তিগত শুনানী গত ১৪.১০.২০১৮ এবং ২৭.০৩.২০১৯ তারিখে গ্রহণ করা হয় এবং অভিযুক্ত কর্মকর্তার বক্তব্য গ্রহণ ও লিপিবদ্ধ করা হয়;

যেহেতু, ডাঃ সুমন কল্যাণ চৌধুরী (১১১৩৯৫) এর সামগ্রিক পর্যালোচনায় বিষয়টি স্পষ্ট যে, গত ২৫/০১/২০১৮ খ্রিঃ হতে ১১/০৬/২০১৮ তারিখ পর্যন্ত মোট ৪ মাস ১৬ দিন সময় বদলিজনিত কারনে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন এবং পরবর্তীতে যোগদানের জন্য তিনি অপেক্ষায় আছেন। তিনি ২৫/০১/২০১৮ তারিখ হতে ২৭/০৩/২০১৯ পর্যন্ত কর্মস্থলে যোগদানের জন্য অপেক্ষায় আছেন। তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(গ) মোতাবেক 'অসাদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগ প্রমানিত হয়েছে। এ জন্য তিনি দন্ড পাওয়ার যোগ্য ;

সেহেতু, ডাঃ সুমন কল্যাণ চৌধুরী (১১১৩৯৫), মেডিকেল অফিসার, ২৫০ শয্যা বিশিষ্ট জেলা সদর হাসপাতাল, কক্সবাজার এর বিরুদ্ধে 'অসদাচরন' ও 'পলায়ন' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক সকল বিষয়াদি ও স্বাস্থ্য খাতের সেবার বিষয় বিবেচনায় ভবিষ্যতে এহেন আচরন করবেন না এমন লিখিত অংগীকার করার শর্তে শেষ বারের সুযোগ হিসেবে মানবিক কারণে উক্ত বিধিমালার ৪(২)(খ) বিধি অনুযায়ী তার বার্ষিক বেতন বৃদ্ধি আদেশ জারির তারিখ হতে ০১ (এক) বছরের জন্য স্থগিত করার লঘুদন্ড প্রদান করা হলো। তিনি ভবিষ্যতে বকেয়া সুবিধাদি পাবেন না। তার গত ২৫/০১/২০১৮ হতে ২৭/০৩/২০১৯ পর্যন্ত কর্মস্থলে অননুমোদিত অনুপস্থিতির সময়কালকে বিনা বেতনে অসাধারণ ছুটি হিসাবে মঞ্জুর করা হলো।

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(মোঃ আসাদুল ইসলাম)
সচিব

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৭৮.২০১৮-২৬৬/১ (১১)

তারিখঃ ৩১-০৩.২০১৯ খ্রিঃ

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ**

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (এমআইএস এর কম্পিউটার ও ডাটা সিটে সংরক্ষণ করার জন্য)।
৩। উপসচিব (পার-৩), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৪। উপপরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৫। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস,তেজগাঁও, ঢাকা। [পরবর্তী গেজেটে প্রকাশ ও প্রকাশিত গেজেটের ২০ (বিশ) কপি শৃংখলা অধিশাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হলো]
৬। সিভিল সার্জন, কক্সবাজার।
৭। তত্ত্বাবধায়ক, ২৫০ শয্যা বিশিষ্ট জেলা সদর হাসপাতাল, কক্সবাজার।
৮। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, কক্সবাজার।
৯। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় **(মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।**
১০। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১১। ডাঃ সুমন কল্যাণ চৌধুরী (১১১৩৯৫), মেডিকেল অফিসার, ২৫০ শয্যা বিশিষ্ট জেলা সদর হাসপাতাল, কক্সবাজার ।
( স্থায়ী ঠিকানাঃ ৫৫ রহমনগঞ্জ, কোতোয়ালী, চট্টগ্রাম)।

(মোঃ ছরোয়ার হোসেন)
উপসচিব
ফোনঃ ৯৫৪৫০২৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
শৃংখলা অধিশাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৩১.২০১৮-২৩৮ তারিখঃ ৩১.০৩..২০১৯ খ্রিঃ

## আদেশ

যেহেতু, ডাঃ মুহাম্মদ এনামুল হাসান (১২৫২৬২), এস্টেট অফিসার, চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল, চট্টগ্রাম (প্রাক্তন এমও, বর্হিবিভাগ, চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসাপাতাল) চাঞ্চল্যকর কোকেন চোরাচালান মামলার আসামী নুর মোহাম্মদ (হাজতী নং-৬৭০/২০১৬) কে উদ্দেশ্যমুলকভাবে অসাধুতার মাধ্যমে চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালের কেবিনে ভর্তির সহযোগীতা করেছেন বিধায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর দায়ে ০৫.০৮.২০১৮ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.০৩১.২০১৮-২৭১ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ০৩.০৩.২০১৯ তারিখে তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, তিনি জানান রোগী যে আসামী তা বুঝার কোন উপায় ছিল না এবং রোগীর লোকজন তার পূর্ব পরিচিত নয়। তিনি কর্তৃপক্ষের আদেশেই সরল বিশ্বাসে স্বাক্ষর করেছেন। তিনি এই অনাকাঙ্খিত ঘটনার জন্য ক্ষমা প্রার্থনা করেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ মুহাম্মদ এনামুল হাসান (১২৫২৬২), এস্টেট অফিসার, চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল, চট্টগ্রাম (প্রাক্তন এমও, বর্হিবিভাগ, চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসাপাতাল) এর বিরুদ্ধে আনীত অভিযোগ, বিভাগীয় মামলার জবাব, শুনানীকালে তার চিকিৎসা সংক্রান্ত কাগজপত্রের বিবেচনায় স্বাস্থ্য সেবা নিশ্চিত কল্পে ভবিষ্যতে এই রকম আচরন করবেন না মর্মে লিখিত অংগীকার নামা দাখিলের করার শর্তে যেহেতু তার প্রথম অপরাধ এবং সামগ্রিক বিষয়াদি বিবেচনা করে তাকে ভবিষ্যতে সরকারি নিয়ম কানুন যথাযথ অনুসরণপূর্বক দায়িত্ব পালনের পরামর্শ প্রদান করে সতর্ক করা হলো এবং বিভাগীয় মামলায় আনীত অভিযোগ থেকে অব্যাহতি প্রদানপূর্বক বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

(মোঃ আসাদুল ইসলাম)
সচিব

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৩১.২০১৮-২৩৮/১(১১) তারিখঃ ৩১.০৩..২০১৯ খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৩। পরিচালক, চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল, চট্টগ্রাম।
৪। উপসচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৫। উপপরিচালক (শৃঙ্খলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৬। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অধিদপ্তর,তেজগাঁও, ঢাকা।
৭। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনাবাগিচা, ঢাকা।
৮। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৯। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১০। ডাঃ মুহাম্মদ এনামুল হাসান (১২৫২৬২), এস্টেট অফিসার, চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল, চট্টগ্রাম (প্রাক্তন এমও, বর্হিবিভাগ, চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসাপাতাল)।
(স্থায়ী ঠিকানাঃ ফ্ল্যাট নং-৫বি, হাউজ নংচ-৭৪/৭৫, রোড নং-০৩, মোহাম্মদিয়া হাউজিং লিমিটেড)
১১। অফিস কপি।

(মোঃ ছরোয়ার হোসেন)
উপসচিব
ফোনঃ ৯৫৪৫০২৮

E:\momin\Order-2018\Realease from Charge.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
শৃংখলা অধিশাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৩১.২০১৮-২৬৯ তারিখঃ ৩১.০৩ .২০১৯ খ্রিঃ

আদেশ

যেহেতু, ডাঃ মোঃ রাজিবুল ইসলাম (১২১৭২২), সহকারী সার্জন, পটিয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, পটিয়া, চট্টগ্রাম (প্রাক্তন মেডিকেল অফিসার, মেডিসিন বিভাগ, চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল) চাঞ্চল্যকর কোকেন চোরাচালান মামলার আসামী নুর মোহাম্মদ (হাজতী নং-৬৭০/২০১৬) কে উদ্দেশ্যমুলকভাবে অসাধুতার মাধ্যমে চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালের কেবিনে ভর্তির সহযোগীতা করেছেন বিধায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর দায়ে ০৫.০৮.২০১৮ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.০৩১.২০১৮-২৭০ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ০৩.০৩.২০১৯ তারিখে তার ব্যক্তিগত শুনানী গ্রহন করা হয়;

যেহেতু, তিনি জানান ফাইলটি একজন ওয়ার্ড বয় মেডিসিন বহিঃ বিভাগে নিয়ে আসেন, রেসিডেন্ট ফিজিসিয়ান ছুটিতে থাকায় তিনি তারপক্ষে উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশে স্বাক্ষর করেন। যেহেতু তার কাছে রোগী আসে নাই, শুধুমাত্র ফাইল এসেছে তাই রোগীটি যে আসামী তিনি অবগত ছিলেন না। তিনি এই অনাকাঙ্খিত ঘটনার জন্য ক্ষমা প্রার্থনা করেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ মোঃ রাজিবুল ইসলাম (১২১৭২২), সহকারী সার্জন, পটিয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, পটিয়া, চট্টগ্রাম (প্রাক্তন মেডিকেল অফিসার, মেডিসিন বিভাগ, চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল) এর বিরুদ্ধে আনীত অভিযোগ, বিভাগীয় মামলার জবাব, শুনানীকালে তার চিকিৎসা সংক্রান্ত কাগজপত্রের বিবেচনায় স্বাস্থ্য সেবা নিশ্চিত কল্পে ভবিষ্যতে এই রকম আচরন করবেন না মর্মে লিখিত অংগীকার নামা দাখিলের করার শর্তে যেহেতু তার প্রথম অপরাধ এবং সামগ্রিক বিষয়াদি বিবেচনা করে তাকে ভবিষ্যতে সরকারি নিয়ম কানুন যথাযথ অনুসরণপূর্বক দায়িত্ব পালনের পরামর্শ প্রদান করে সতর্ক করা হলো এবং বিভাগীয় মামলায় আনীত অভিযোগ থেকে অব্যাহতি প্রদানপূর্বক বিভাগীয় মামলা নিস্পত্তি করা হল।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

৩১/০৩/১৯

(মোঃ আসাদুল ইসলাম)
সচিব

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৩১.২০১৮-২৬৯/১(১৩) তারিখঃ ৩১.০৩ . .২০১৯ খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৩। পরিচালক, চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল, চট্টগ্রাম।
৪। উপসচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৫। উপপরিচালক (শৃঙ্খলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৬। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অধিদপ্তর,তেজগাঁও, ঢাকা।
৭। সিভিল সার্জন, চট্টগ্রাম।
৮। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনাবাগিচা, ঢাকা।
৯। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, পটিয়া, রাজশাহী।
১০। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
১১। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১২। ডাঃ মোঃ রাজিবুল ইসলাম (১২১৭২২), সহকারী সার্জন, পটিয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, পটিয়া, চট্টগ্রাম। (স্থায়ী ঠিকানাঃ পান্না ভবন, ১৫৭২ কে,বি, আমান আলী রোড, পশ্চিম বাকলিয়া, পোঃ চকবাজার, থানা-বাকলিয়া, জেলা-চট্টগ্রাম)।
১৩। অফিস কপি।

৩১/৩/১৯

(মোঃ ছরোয়ার হোসেন)
উপসচিব
ফোনঃ ৯৫৪৫০২৮

E:\momin\Order-2018\Realease from Charge doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
শৃংখলা অধিশাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৩১.২০১৮-২৪০ তারিখঃ ৩১.০৩.২০১৯ খ্রিঃ

## আদেশ

যেহেতু, ডাঃ জামান আহাম্মদ (১৫১০০১৭), রেজিষ্ট্রার, নিউরোলজি বিভাগ, চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসাপাতাল, চট্টগ্রামের চাঞ্চল্যকর কোকেন চোরাচালান মামলার আসামী নুর মোহাম্মদ (হাজতী নং-৬৭০/২০১৬) কে উদ্দেশ্যমুলকভাবে অসাধুতার মাধ্যমে চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালের কেবিনে ভর্তির সহযোগীতা করেছেন বিধায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর দায়ে ২৫.১০.২০১৮ তারিখে ৪৫.১৫০. ০২৭. ০১. ০০. ০৩১. ২০১৮-৩৮৮ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ০৩.০৩.২০১৯ তারিখে তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, তিনি জানান রোগী কেবিন বরাদ্দ পেলে তিনি ১৮/০৫/২০১৬ ইং সকালে উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশে রোগীকে কেবিনে বদলির জন্য অনুরোধ করেন। তিনি এই অনাকাঙ্খিত ঘটনার জন্য ক্ষমা প্রার্থনা করেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ জামান আহাম্মদ (১৫১০০১৭), রেজিষ্ট্রার, নিউরোলজি বিভাগ, চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসাপাতাল, চট্টগ্রামের এর বিরুদ্ধে আনীত অভিযোগ, বিভাগীয় মামলার জবাব, শুনানীকালে তার চিকিৎসা সংক্রান্ত কাগজপত্রের বিবেচনায় স্বাস্থ্য সেবা নিশ্চিত কল্পে ভবিষ্যতে এই রকম আচরন করবেন না মর্মে লিখিত অংগীকার নামা দাখিলের করার শর্তে যেহেতু তার প্রথম অপরাধ এবং সামগ্রিক বিষয়াদি বিবেচনা করে তাকে ভবিষ্যতে সরকারি নিয়ম কানুন যথাযথ অনুসরণপূর্বক দায়িত্ব পালনের পরামর্শ প্রদান করে সতর্ক করা হলো এবং বিভাগীয় মামলায় আনীত অভিযোগ থেকে অব্যাহতি প্রদানপূর্বক বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

(মোঃ আসাদুল ইসলাম)
সচিব

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৩১.২০১৮-২৪০/১(১১) তারিখঃ ৩১.০৩.২০১৯ খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৩। পরিচালক, চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল, চট্টগ্রাম।
৪। উপসচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৫। উপপরিচালক (শৃঙ্খলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৬। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অধিদপ্তর,তেজগাঁও, ঢাকা।
৭। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনাবাগিচা, ঢাকা।
৮। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৯। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১০। ডাঃ জামান আহাম্মদ (১৫১০০১৭), রেজিষ্ট্রার, নিউরোলজি বিভাগ, চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসাপাতাল, চট্টগ্রাম। (স্থায়ী ঠিকানাঃ ফকির মোঃ সওদাগর বাড়ী, দক্ষিণ হালিশহর, পোঃ বন্দর, থানা- বন্দর, জেলা- চট্টগ্রাম)।
১১। অফিস কপি।

(মোঃ ছরোয়ার হোসেন)
উপসচিব
ফোনঃ ৯৫৪৫০২৮

E:\momin\Order-2018\Realease from Charge.doc

ফ্যাক্স মারফত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
শৃঙ্খলা অধিশাখা শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৭৪.২০১৮-১৫৬

তারিখঃ ২৫ চৈত্র, ১৪২৫ / ০৮.০৪.২০১৯

বিষয়ঃ ব্যক্তিগত শুনানি।

নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে জানাচ্ছে যে, ডাঃ সুরাইয়া বেগম (১১৪০২৭), প্রোডাকশন ম্যানেজার, আইভিএফ শাখা, জনস্বাস্থ্য ইনস্টিটিউট, মহাখালী, ঢাকা এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলার বিষয়ে ব্যক্তিগত শুনানী আগামী ১১.০৪.২০১৯ খ্রিঃ সকাল ০৯.৩০ ঘটিকায় স্বাস্থ্য সেবা বিভাগের অতিরিক্ত সচিব (প্রশাসন অধিশাখা) মহোদয় কর্তৃক তাঁর অফিস (কক্ষ নং-৩২৮, ভবন-৩, ৪র্থ তলা) কক্ষে গ্রহণ করা হবে।

২। নির্ধারিত তারিখ ও সময়ে সংশ্লিষ্ট কাগজপত্রসহ শুনানিতে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

Sd/
মোঃ আবদুছ সালাম
উপসচিব
ফোনঃ ৯৫৪৫০২৮

ডাঃ সুরাইয়া বেগম (১১৪০২৭)
প্রোডাকশন ম্যানেজার, আইভিএফ শাখা
জনস্বাস্থ্য ইনস্টিটিউট, মহাখালী, ঢাকা।
(স্থায়ী ঠিকানাঃ ১৯২, ইব্রাহীমপুর, কাফরুল, ঢাকা)।

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০৭৪.২০১৮- তারিখঃ ০৮.০৪.২০১৯

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিসটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)।
২। উপসচিব (নিরাপত্তা-২ অধিশাখা), স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। পরিচালক, জনস্বাস্থ্য ইনস্টিটিউট, মহাখালী, ঢাকা।
৪। উপপরিচালক (শৃঙ্খলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
৬। সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৭। অতিরিক্ত সচিব (প্রশাসন অধিশাখা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

মোঃ আবদুছ সালাম
উপসচিব
ফোনঃ ৯৫৪৫০২৮

ফ্যাক্স মারফত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
শৃঙ্খলা অধিশাখা শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১০১.২০১৮-২৫৪

তারিখঃ ২৫ চৈত্র, ১৪২৫
০৮.০৪.২০১৯

বিষয়ঃ ব্যক্তিগত শুনানি।

নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে জানাচ্ছে যে, ডাঃ মোঃ রাশেদ আহমেদ (১২১১৬৬), মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ত্রিশাল, ময়মনসিংহ এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলার বিষয়ে ব্যক্তিগত শুনানী **আগামী ১১.০৪.২০১৯ খ্রিঃ সকাল ১০.০০ ঘটিকায়** স্বাস্থ্য সেবা বিভাগের সচিব মহোদয় কর্তৃক তাঁর অফিস (কক্ষ নং-৩৪০, ভবন-৩, ৪র্থ তলা) কক্ষে গ্রহণ করা হবে।

২। নির্ধারিত তারিখ ও সময়ে সংশ্লিষ্ট কাগজপত্রসহ শুনানিতে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

Sd/
মোঃ আবদুছ সালাম
উপসচিব
ফোনঃ ৯৫৪৫০২৮

ডাঃ মোঃ রাশেদ আহমেদ (১২১১৬৬)
মেডিকেল অফিসার
উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স
ত্রিশাল, ময়মনসিংহ।
(স্থায়ী ঠিকানাঃ বাড়ী নং-৪৬, রোড নং-০৭, ধানমন্ডি আবাসিক এলাকা, ধানমন্ডি, ঢাকা-১২০৫)।

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.১০১.২০১৮- ২৫৪/১(৯) তারিখঃ ০৮.০৪.২০১৯

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিসটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)।
২। উপসচিব (নিরাপত্তা-২ অধিশাখা), স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। উপপরিচালক (শৃঙ্খলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৪। সিভিল সার্জন, ময়মনসিংহ।
৫। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ।
৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
৭। সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৮। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৯। অফিস কপি।

০৮/৪/২০১৯
মোঃ আবদুছ সালাম
উপসচিব
ফোনঃ ৯৫৪৫০২৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
শৃঙ্খলা অধিশাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.৯৩.২০১৭- ২৫৫

তারিখঃ ২৪ চৈত্র.১৪২৫
০৭.০৪.২০১৯

## আদেশ

যেহেতু, ডাঃ আলাউদ্দিন আল আজাদ (৪১৮৮৫), সহকারী পরিচালক (চঃদাঃ), অর্থ ও স্টোর, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা (প্রাক্তন সহকারী পরিচালক (চঃদাঃ), (প্রশাসন), জনস্বাস্থ্য ইনস্টিটিউট, মহাখালী, ঢাকা) গত ৩১.০৭.২০১৭ খ্রিঃ উক্ত প্রতিষ্ঠানের পরিচালক ডাঃ মোঃ আনিসুর রহমানের কক্ষে আকস্মিক প্রবেশ করে চিৎকার শুরু করেন এবং অসৌজন্যমূলক আচরণ করেন এবং পরিচালকের টেবিল চাপড়ান এবং জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪২ তম শাহাদাত বার্ষিকী উপলক্ষে ১৫ আগষ্ট, ২০১৭ জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সাথে উদযাপনের নিমিত্ত গঠিত কমিটির পত্রটি ছুড়ে ফেলে দেন। যেহেতু প্রতি বছর ১৫ ই আগষ্ট জাতীয় শোক দিবস হিসেবে জাতীয়ভাবে প্রতিপালন করা হয়। এই দিবস পালনের জন্য গঠিত কমিটির কাগজপত্র ছুড়ে ফেলে দিয়ে দিবস পালনে বাধা দেয়ার সামিল বিধায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা,১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক 'অসদাচরণ' (বর্তমানে যাহা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা,২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক 'অসদাচরণ') এর দায়ে ১৪.০১.২০১৮ খ্রিঃ ৪৫.১৫০.০২৭.০১.০০.০৯৩.২০১৮-২৯ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিস জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিসের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানীর আবেদন করেন;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার ব্যক্তিগত শুনানী সন্তোষজনক না হওয়ায় আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত মর্মে মতামত জ্ঞাপন করেন;

যেহেতু, তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে এবং এ জন্য তিনি দন্ড পাওয়ার যোগ্য;

সেহেতু, ডাঃ আলাউদ্দিন আল আজাদ (৪১৮৮৫), সহকারী পরিচালক (চঃদাঃ), অর্থ ও স্টোর, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা (প্রাক্তন সহকারী পরিচালক (চঃদাঃ), (প্রশাসন), জনস্বাস্থ্য ইনস্টিটিউট, মহাখালী, ঢাকা) এর সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক 'অসদাচরন' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় উক্ত বিধিমালার ৪(২)(ক) বিধি "তিরস্কার" লঘু দন্ড আরোপ করা হলো এবং বিভাগীয় মামলাটি নিস্পত্তি করা হলো।

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

৭.৪.১৯
(মোঃ আসাদুল ইসলাম)
সচিব

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৯৩.২০১৮- ২৫৫/১(১১)

তারিখঃ ০৭.০৪. .২০১৯ খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২। যুগ্মসচিব (পার-২),স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৩। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (এমআইএস এর কম্পিউটার ও ডাটা সিটে সংরক্ষণ করার জন্য)।
৪। পরিচালক, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা।
৫। পরিচালক, জনস্বাস্থ্য ইনস্টিটিউট, মহাখালী, ঢাকা
৬। উপপরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৭। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস,তেজগাঁও, ঢাকা। [পরবর্তী গেজেটে প্রকাশ ও প্রকাশিত গেজেটের ২০ (বিশ) কপি শৃংখলা অধিশাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হলো]
৮। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৯। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১০। ডাঃ আলাউদ্দিন আল আজাদ (৪১৮৮৫), সহকারী পরিচালক (চঃদাঃ), অর্থ ও স্টোর, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা
১১। অফিস কপি।

(মোঃ আবদুছ সালাম)
উপসচিব
ফোনঃ ৯৫৪৫০২৮